শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015 CERTIFIED

সদর দপ্তর
চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪০৪৪
E-Mail:gazipbs@yahoo.com
Web: pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৬৯.০১.০৩৮.২২. 2824

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কর্মকর্তা/কর্মচারীগণের ফাইডালিটি বীমা করার নিমিত্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ); কোটেশন নম্বর: ২৬/২০২১-২০২২, তারিখ: ২৩/০৫/২০২২ খ্রিঃ।**

০১ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পবিস-১ এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশযোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২ ॥ ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩ ॥ 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪ ॥ কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫ ॥ কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬ ॥ সিলমোহরকৃত খাম, **৩০/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০** ঘটিকা-এ বা এর পূর্বে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর দাখিল করতে হবে। কোটেশনের খামে **"কর্মকর্তা/কর্মচারীগণের ফাইডালিটি বীমা "** করার জন্য কোটেশন এবং **৩০/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭॥ কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে বীমাকরণের কাজ সম্পন্ন করতে হবে।

০৮॥ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

০৯॥ কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০॥ দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১॥ যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

(অঃপৃঃদ্রঃ)

১২॥ দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

**১৩॥ কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।**

১৪॥ মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫॥ উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬॥ ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **০৭ (সাত)** দিনের মধ্যে সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭॥ ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (সাত)** দিনের মধ্যে জারী করতে হবে।

১৮॥ ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর

২৩/০৫/২০২২

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার
তারিখ ২৩/০৫/২০২২ খ্রিঃ
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দনা, গাজীপুর।
ফোন নম্বর ০২-৯২৬২৭৮৮
ই-মেইল: gazipbs@yahoo.com

**অনুলিপিঃ কার্যার্থে।**

০১॥ ডিজিএম, ছায়াবীথি জোনাল অফিস, গাজীপুর পবিস-১।
০২॥ এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
০৩॥ সহঃ প্রকৌশলী (প্রঃ বিভাগ), বাপবিবো, গাজীপুর।

(০১–০৩) বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্ত করণ/মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধসহ।

০৪॥ এজিএম(আইটি), গাজীপুর পবিস-১(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৫॥ মেসার্স.....................................
০৬॥ নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২॥ পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
০৩॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৪॥ সিনিয়র সিস্টেম এনালিষ্ট বাপবিবো,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৫॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।

(০২–০৫) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।

23/05/22

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: **২৬/২০২১-২০২২,** তারিখ: ২৩/০৫/২০২২ খ্রিঃ

প্রতি
**সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে '**কর্মকর্তা/কর্মচারীগণের ফাইডালিটি বীমা করার**' জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ...................................................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# কর্মকর্তা/কর্মচারীগণের ফাইডালিটি বীমা করার নিমিত্ত মূল্য তফশীল

কোটেশন নম্বরঃ ২৬/২০২১-২০২২, তারিখ: ২৩/০৫/২০২২ খ্রিঃ

| ক্রঃ নং | নাম | পদবী | শ্রেণী | বীমার টাকার পরিমান | রেট | উদ্বৃত্ত প্রিমিয়াম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | এজিএম (অর্থ-রাজস্ব) | কর্মকর্তা | ৫,০০,০০০.০০ | | |
| ০২ | জনাব মোঃ মাহমুদুল হাসান মুন্না | এজিএম (অর্থ-হিসাব) | কর্মকর্তা | ৫,০০,০০০.০০ | | |
| ০৩ | জনাব মোঃ মখলেছুর রহমান | এজিএম (প্রশাসন) | কর্মকর্তা | ৩,০০,০০০.০০ | | |
| ০৪ | জনাব এসএম আবু হাসেম | হিসাব রক্ষক | কর্মচারী | ২,০০,০০০.০০ | | |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দিন | হিসাব রক্ষক | কর্মচারী | ২,০০,০০০.০০ | | |
| ০৬ | জনাব মোঃ জাকির হোসেন | হিসাব রক্ষক | কর্মচারী | ২,০০,০০০.০০ | | |
| ০৭ | জনাব মোঃ আবু মুছা | ষ্টোর কীপার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ০৮ | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন | সহকারী ষ্টোর কীপার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ০৯ | জনাব মোঃ ইব্রাহিম চৌধুরী | সহকারী ষ্টোর কীপার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ১০ | জনাব সাহিদা খানম | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১১ | জনাব রাশিদা আক্তার | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১২ | জনাব হাবিবা আক্তার | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১৩ | জনাব জান্নাতুল ফেরদৌস | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১৪ | জনাব এ কে এম হাবিবুর রহমান | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১৫ | জনাব নাজমা আক্তার | ক্যাশিয়ার | কর্মচারী | ৫,০০,০০০.০০ | | |
| ১৬ | জনাব রুমা খাতুন | সহকারী ক্যাশিয়ার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ১৭ | জনাব নাসরিন আক্তার | সহকারী ক্যাশিয়ার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ১৮ | জনাব হাফিজা খাতুন | সহকারী ক্যাশিয়ার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ১৯ | জনাব নাসরিন সুলতানা নিপা | সহকারী ক্যাশিয়ার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| ২০ | জনাব আলোমনি আক্তার | সহকারী ক্যাশিয়ার | কর্মচারী | ৩,০০,০০০.০০ | | |
| | | | | | মোট উদ্বৃত প্রিমিয়াম | |
| | | | | | উদ্বৃত প্রিমিয়ামের ভ্যাট ১৫% = | |
| | | | | | সর্বমোট = | |
| কথায়ঃ | | | | | | |

| | |
|---|---|
| বীমার সার্টিফিকেট প্রেরণের ঠিকানা | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর। |
| মোট মূল্য টাকায় (কথায়): | *[উপরোল্লিখিত তফশীলের ৬ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]* |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে [-----] টি** সংশো**ধন** যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।**
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত **বৈধ [** কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: |
| **কোটেশনদাতার নাম** | |

# আবশ্যিক সেবার কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | বিবরন | কারিগরী বিনির্দেশ |
|---|---|---|
| ০১ | ২০ জন কর্মকর্তা/কর্মচারীর ফাইডালিটি বীমা করণ। | বীমার মেয়াদ ০১ (এক) বছর।<br>দ্রুততম সময়ের মধ্যে বীমা দাবী প্রদান করতে হবে। বীমা কালীন সময়ের মধ্যে কোন কর্মকর্তা/কর্মচারীর চাকুরী অত্র পবিস হতে স্থানান্তর হলে তার পরিবর্তে নতুন যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীর নাম অন্তর্ভূক্ত করতে হবে। |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী বীমার দাবী প্রদান করব।

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: |
| **কোটেশনদাতার নাম** | |

টীকা:

১. সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে।